

PRINT

সমবল

কোটা সংস্কার আন্দোলন

সারাদেশে আজ বিক্ষোভ, ক্লাস পরীক্ষা বন্ধ

১০ ঘণ্টা আগে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক



কোটা বাতিলের বিষয়ে জাতীয় সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘোষণার প্রজ্ঞাপন জারির দাবিতে আজ রোববার সারাদেশে প্রতিটি কলেজ-বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ মিছিলের ডাক দিয়েছে কোটা সংস্কার আন্দোলনকারীদের সংগঠন 'বাংলাদেশ সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদ'। এ সময় সব ধরনের ক্লাস-পরীক্ষা বন্ধ থাকবে বলেও ঘোষণা দেন তারা।

গতকাল শনিবার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে এক সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে

পরিষদের আহ্বায়ক হাসান আল মামুন বলেন, দু'দিন আগে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে আন্দোলনকারীদের ওপর সন্ত্রাসী হামলা হয়েছে। রংপুরে শান্তিপূর্ণ মানববন্ধন কর্মসূচিতে বাধা এবং আন্দোলনকারীদের ছবি তুলে গ্রেফতারের হুমকি দেয় পুলিশ। এ ছাড়া গতকাল শনিবার পরিষদের যুগ্ম-আহ্বায়ক জিসিম উদ্দিন আকাশের চট্টগ্রামের বাঁশখালীর বাড়িতে হামলা হয়েছে। আমরা এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই। পাশাপাশি হামলাকারীদের চিহ্নিত করে শান্তিমূলক ব্যবস্থা নেওয়ার জন্য সরকারের প্রতি অনুরোধ জানাই। এ সময় মামুন প্রধানমন্ত্রীর সংসদে দেওয়া ঘোষণার প্রজ্ঞাপন জারির দাবিতে দেশের প্রতিটি কলেজ-বিশ্ববিদ্যালয়ে আজ সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত বিক্ষোভ মিছিল এবং সব ধরনের ক্লাস ও পরীক্ষা বন্ধ থাকবে বলে ঘোষণা দেন।

সংবাদ সম্মেলনে পরিষদের যুগ্ম-আহ্বায়ক নুরুল হক নুর বলেন, সংসদে প্রধানমন্ত্রীর কোটা বাতিলের ঘোষণার ৩১ দিন পার হলেও এখন পর্যন্ত প্রজ্ঞাপন জারি হয়নি। আমরা বারবার তাগাদা দেওয়া সত্ত্বেও এখন নতুন কমিটি গঠনের কথা বলে ছাত্রসমাজের সঙ্গে প্রহসন করছে জনপ্রশাসন মন্ত্রণালয়। সরকারকে বেকায়দায় ফেলার জন্য তারা টালবাহানা করছে।

প্রশ্ন রেখে তিনি বলেন, আমরা আন্দোলন করেছি, প্রধানমন্ত্রী ঘোষণা দিয়েছেন। তাহলে রাষ্ট্রের সর্বোচ্চ ব্যক্তির ঘোষণার প্রজ্ঞাপন জারি হতে এত দেরি কেন? অতি দ্রুত প্রজ্ঞাপন জারি করে বাংলার ছাত্রসমাজকে শান্ত করার আহ্বান জানান তিনি।

সংবাদ সম্মেলন চলার সময় পরিষদের যুগ্ম-আহ্বায়ক জিসিম উদ্দিন আকাশের বাড়িতে হামলা হচ্ছে বলে অভিযোগ করা হয়। এ প্রসঙ্গে জিসিম বলেন, 'আন্দোলনে সংশ্লিষ্টতার কারণে আমার বাড়িতে হামলা করা হয়েছে। সন্ত্রাসীরা আমার পরিবারের সবাইকে মেরে আহত করেছে। গতকাল (শুক্রবার) আমাকে মেরে ফেলার হুমকি দেওয়া হয়েছে।' তিনি আরও বলেন, 'ন্যায়ের জন্য আন্দোলনে এসেছিলাম বলে আজ আমার ও পরিবারের এই পরিণতি। আমি এর বিচার চাই।'

সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন যুগ্ম-আহ্বায়ক রাশেদ খান, ফারুক হাসান, বিন ইয়ামিন মোল্লা, মাহফুজ খানসহ কেন্দ্রীয় কমিটির নেতারা।

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,

বিজ্ঞাপন : ৮৮৭০১৯০। ইমেইল: info@samakal.com